

গল্প নয় সত্যি ।

চন্দনা বিধৌত বালিয়াকান্দি উপজেলা ঐতিহ্যবাহী এক জনপদ। মোট ১০০ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে মাত্র ১ টি স্কুলে বর্তমান সরকার কর্তৃক এক যুগোপযোগী পদক্ষেপ মিড-ডে মিল চালু ছিল। অন্য বিদ্যালয়গুলোতে এ কার্যক্রম সম্পর্কে একেবারেই কোন ধারণা অথবা আগ্রহ ছিল না। উপজেলা নির্বাহী অফিসার জনাব মো: মাসুম রেজা এ উপজেলায় যোগদান করেন ০৮/১০/২০১৭ খ্রি.। যোগদানের পরে তিনি বিষয়টি গুরুত্ব সহকারে নজরে নেন এবং ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ এর অনুকূলে ববরাদ্দকৃত LGSP-3 থেকে থেকে নারুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে টিফিন বন্ধ সরবরাহ করা হয়। ঐ দিনই শিক্ষক ও অভিভাবকদের সমন্বয়ে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। উভয় পক্ষের মতামতের ভিত্তিতে নিয়মিত ভাবে বাচ্চাদের সরবরাহকৃত টিফিন বন্ধে দুপুরে খাবার দেয়া বিষয়টি নিশ্চিত করা হয়। এরই ধারাবাহিকতায় প্রতিটি বিদ্যালয়ে মিড-ডে মিল চালু করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং একই ভাবে শিক্ষক অভিভাবক সমাবেশ আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদের মাসিক সভায় একটি প্রকল্প গ্রহণ করা হয় যার প্রেক্ষিতে পর্যায়ক্রমে সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে মিল চালু হয়। স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ, জনপ্রতিনিধি, শিক্ষক, অভিভাবকসহ সর্বস্তরের জনগনের প্রতিক্রিয়া যে, এই মিড-ডে মিল ছোট ছোট বাচ্চাদের মধ্যে অনেক আগ্রহ আর উৎসাহের সৃষ্টি করবে। এভাবেই একটা সময় ছিল যখন একটি উপজেলায় সবগুলো প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে মিল চালুকরণ বিষয়টি ছিল অনেক দূর্বোধ্য এবং অকল্পনীয়। সকলের সমন্বিত প্রচেষ্টা আর আন্তরিকতার ফলশ্রুতিতে আজ সেই কল্পনা সত্য হয়েছে। সমাজের সকলে একত্রিত হয়ে কোন কাজে অংশগ্রহণ করলে সেই সমাজটি হয়ে উঠতে পারে একটি আদর্শ সমাজ।

- ১। রাজধরপুর বাজার ঈদগাহ
- ২। অলংকারপুর কেন্দ্রীয় ঈদগাহ
- ৩। তেতুলিয়া মাদ্রাসা ঈদগাহ
- ৪। চরদক্ষিণবাড়ী ঈদগাহ
- ৫। বাকসাডাঙ্গী পশ্চিমপাড়া ঈদগাহ ময়দান।
- ৬। সাজুড়া ঈদগাহ ময়দান, জামালপুর।
- ৭। বালিয়াকান্দি কেন্দ্রীয় ঈদগাহ।